# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৫২০

৫/ পবিত্রতা ও পরিচ্ছন্নতা

পরিচ্ছেদঃ দাঁতন করার মাহাত্ম্য ও প্রকৃতিগত আচরণসমূহ

## আরবী

وَعَن عَائِشَة رَضِيَ اللهُ عَنها قَالَتْ : قَالَ رَسُولُ اللهِ ﷺ عَشْرٌ مِن الفِطْرَةِ : قَصُّ الشَّارِبِ وَإِعْفَاءُ اللِّحْيَةِ وَالسِّوَاكُ وَاسْتِنْشَاقُ المَاءِ وَقَصُّ الأَظْفَارِ وَغَسْلُ البَرَاجِمِ وَنَتفُ الإِبْطِ وَحَلْقُ العَانَةِ وَانْتِقَاصُ المَاءِ قَالَ الرَّاوِي : وَنَسِيْتُ العَاشِرَةَ إِلاَّ أَنْ تَكُونَ المَضمَضَةُ قَالَ وَكِيعٌ ـ وَهُوَ أَحَدُ رُوَاتِهِ ـ انْتِقَاصُ المَاءِ : يَعَنِي الاسْتِنْجَاءِ رواه مسلم

## বাংলা

(৫২০) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, দশটি কাজ প্রকৃতিগত আচরণ; (১) গোঁফ ছেঁটে ফেলা। (২) দাড়ি বাড়ানো। (৩) দাঁতন করা। (৪) নাকে পানি দিয়ে নাক পরিষ্কার করা। (৫) নখ কাটা। (৬) আঙ্গুলের জোড়সমূহ ধোয়া। (৭) বগলের লোম তুলে ফেলা। (৮) গুপ্তাঙ্গের লোম পরিষ্কার করা। (৯) পানি দ্বারা ইস্তেঞ্জা (শৌচকর্ম) করা। বর্ণনাকারী বলেন, ১০নং আচরণটি ভুলে গেছি, তবে মনে হয়, তা কুল্লি করা হবে। বর্ণনাকারী অকী’ বলেন, ’ইন্তেকাসুল মা’ মানে পানি দিয়ে ইস্তেঞ্জা করা।

## ফুটনোট

(দাড়ি বাড়ানো মানেঃ তার কিছুই না কাটা। আঙ্গুলের জোড় মানেঃ আঙ্গুলের গাঁট।)

(মুসলিম ৬২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64039

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন